পিতামাতাদের অধিকার ও দায়দায়িত্বের সনদ

পিতামাতা[1] ও স্কুল কম্যুনিটির মধ্যে অংশীদারিত্বের মাধ্যমে সকল শিক্ষার্থীর সুপ্ত সম্ভাবনা সবচেয়ে অধিক বাস্তবায়ন সম্ভব। পিতামাতা ও স্কুলের মধ্যে কার্যকর যোগাযোগ বাড়ানর জন্য পিতামাতাদের কিছু অধিকার ও দায়দায়িত্ব রয়েছে।

সকল পিতামাতার নিম্নলিখিত অধিকার রয়েছে:

1) পাবলিক স্কুলে বিনামূল্যে লেখাপড়া করার অধিকার

পাবলিক (সরকারি) স্কুলে সুরক্ষিত ও সহযোগিতাপ্রদানকারী পরিবেশে সন্তানদের ফ্রি লেখাপড়া করানর অধিকার পিতামাতাদের রয়েছে।

পিতামাতাদের অধিকার রয়েছে:

a) আইন অনুযায়ী কিন্ডারগার্টেন থেকে ২১ বছর পূর্ণ হওয়া বা হাই স্কুল ডিপ্লোমা পাওয়া, যা আগে হয়, সে পর্যন্ত সন্তানদের জন্য ফ্রি পাবলিক স্কুলে লেখাপড়া করানোর অধিকার;

b) সন্তান প্রতিবন্ধী হলে তার জন্য একটি মূল্যায়ন লাভ করা এবং এতে তার স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) আবশ্যক রয়েছে বলে সনাক্ত হলে ৩ বছর থেকে ২১ বছর পূর্ণ হওয়া পর্যন্ত প্রযুক্ত আইন ও প্রবিধান অনুযায়ী যথোপযুক্ত লেখাপড়া করার অধিকার;

c) ইংরেজিতে সীমিত দক্ষতাবিশিষ্ট সন্তানদের জন্য আইন বা প্রবিধান অনুযায়ী বাধ্যতামূলক হিসেবে স্বীকৃত দ্বিভাষী শিক্ষা বা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ) শিক্ষালাভের অধিকার;

d) ডিপার্টমেন্ট অব এডুকেশনের স্কুল-বর্ষ ক্যালেন্ডার অনুযায়ী সন্তানদের জন্য পূর্ণকাল শিক্ষানির্দেশনা লাভ করার অধিকার;

e) বৈষম্য, হয়রানী, ভয়ভীতি এবং গোঁরামি থেকে মুক্ত সুরক্ষিত ও সহযোগিতাপ্রদানকারী পরিবেশে পাবলিক (সরকারি) স্কুলে সন্তানদের ফ্রি লেখাপড়া করানর অধিকার;

f) বাস্তব বা প্রতীয়মান জাতি, বর্ণ, ধর্ম, বয়স, জাতিগত পরিচয়, আদি রাষ্ট্রিক পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, লিঙ্গ (যৌন), অথবা ওজন বিবেচনা না করে সবার কাছ থেকে শিষ্টাচার ও মর্যাদা লাভ করার অধিকার;

g) নিয় ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের সিটিওয়াইড স্ট্যান্ডার্ডস অব ইন্টারভেনশন অ্যান্ড ডিসিপ্লিন মেজার (সিটিব্যাপী শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার মানদণ্ড)-এর অন্তর্ভুক্ত বিল অব স্টুডেন্টস রাইটস অ্যান্ড রেসপনসিবিলিটিজ (শিক্ষার্থীর অধিকার ও দায়দায়িত্বের সনদ) অনুযায়ী সকল অধিকারের স্বীকৃতি লাভের অধিকার।

সন্তানদের সম্পর্কিত তথ্য জানার অধিকার

2) ডিপার্টমেন্ট অব এডুকেশন এবং অন্তর্ভুক্ত সকল স্কুল পিতামাতাদেরকে তাদের সন্তানদের শিক্ষাগত রেকর্ড জানার এবং তাদের শিক্ষাগত কর্মসূচি ও সুযোগসুবিধা সম্পর্কে জানার অধিকার প্রদানের জন্য দায়বদ্ধ।

পিতামাতাদের অধিকার রয়েছে:

a) ডিপার্টমেন্টের সাথে কার্যকরভাবে যোগাযোগের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-663 অনুযায়ী পিতামাতা প্রয়োজনে বা অনুরোধসাপেক্ষে অনুবাদ ও দোভাষী পরিসেবা লাভ করার অধিকার;

b) স্কুল, ডিস্ট্রিক্ট এবং বরো পর্যায়ে যেসব নীতিমালা, পরিকল্পনা এবং প্রবিধানসংক্রান্ত বিষয়ে পিতামাতাদের সাথে আলোচনা আবশ্যক হয়, সেগুলো সম্পর্কে তথ্য লাভ করার অধিকার;

c) স্কুলব্যবস্থা যেসব পরিসেবা প্রদান করে (যেমন, পরিবহন, খাদ্য পরিসেবা, স্বাস্থ্য পরিসেবা, ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইএলএল) শিক্ষানির্দেশনা, রিমেডিয়েশন বা সংশোধন, বিশেষ শিক্ষা পরিসেবা), সেসব পরিসেবালাভের যোগ্যতার শর্ত, এবং কিভাবে সেগুলোতে আবেদন করা যায়, সে ব্যাপারে হালনাগাদ তথ্য লাভ করার অধিকার;

d) বাধ্যতামূলক স্বাস্থ্যগত, জ্ঞানগত এবং ভাষাগত পরীক্ষা সম্পর্কে অবগত হওয়ার অধিকার;

e) সন্তানদের কাছ থেকে তাদের শিক্ষামূলক কর্মসূচি, উপস্থিতি ও আচরণসংশ্লিষ্ট প্রত্যাশা সংক্রান্ত তথ্য সম্পর্কে তথ্য লাখ করার অধিকার;

f) সন্তানদের প্রাতিষ্ঠানিক কার্যসম্পাদনার গ্রেড মূল্যায়নে যে মানদণ্ড ব্যবহৃত হবে, সে সম্পর্কে লিখিত তথ্য লাভ করার অধিকার;

g) সন্তানদের যে শিক্ষাগত কর্মসূচি, যা শুধু পাঠ্য কোর্স বা পাঠক্রমকে অন্তর্ভুক্ত করবে কিন্তও শুধু তার মধ্যে সীমাবদ্ধ থাকবে না, সেগুলো সম্পর্কে তথ্য লাভ করার অধিকার;

h) সন্তানদের রেকর্ড চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী গোপনীয় থাকবে, সে ব্যাপারে নিশ্চয়তা লাভের অধিকার;

i) সন্তানদের শিক্ষাগত রেকর্ড দেখতে চেয়ে অনুরোধ পাওয়ার ৪৫ দিনের মধ্যে সন্তানদের শিক্ষাগত রেকর্ড দেখার ও পর্যালোচনার অধিার;

j) নির্ধারিত স্কুলকর্মীর সাথে অ্যাপয়েন্টমেন্ট করে সাক্ষাত করে সন্তানের শিক্ষাগত রেকর্ডের ব্যাখ্যা লাভ করার এবং এ ধরনের অ্যাপয়েন্টমেন্ট লাভ করার পর সাক্ষাতের জন্য যুক্তিসঙ্গত সময় পাওয়ার অধিকার;

k) চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী বাইরের কোন এজেন্সিকে সন্তানের শিক্ষাগত রেকর্ড দেখতে দেওয়ার, এবং বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং/অথবা মিলিটারি নিয়োগকর্তাদের কাছে যোগাযোগের তথ্য না দেওয়ার অনুরোধ জানাবার অধিকার;

l) সন্তান যে স্কুলে বদলি হয়েছে, যথাসময়ে সে স্কুলটিতে সন্তানের শিক্ষাগত তথ্য প্রেরিত হয়েছে, তা নিশ্চিত হওয়ার অধিকার;

m) সন্তানের শিক্ষাগত রেকর্ডের অন্তর্গত ব্যক্তিগত সনাক্তকরণ তথ্য প্রকাশের বেলায় ফ্যামেলি এডুকেশন রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (এফইআরপিএ) এবং চ্যান্সেলারের প্রবিধান A-820-এ উল্লিখিত ব্যতিক্রম ছাড়া কারও কাছে প্রকাশের ক্ষেত্রে অনুমতি প্রদানের অধিকার। এসব তথ্য প্রকাশে একমাত্র ব্যতিক্রম স্কুলকর্মকর্তা, যাকে তাদের পেশাগত দায়িত্ব পালন করতে শিক্ষাগত তথ্য পর্যালোচনা করতে হয়। স্কুলকর্মকর্তা হিসেবে যাদের গণ্য করা হয়, তাদের মধ্যে আছে স্কুল কর্মকর্তা (যেমন প্রশাসক, তত্ত্বাবধায়ক, শিক্ষক, অন্যান্য শিক্ষানির্দেশক, বা সহায়তাকর্মী), এবং সেসব ব্যক্তিগণ, যারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন কোন পরিসেবা বা কাজের জন্য নিযুক্ত করেছে, যাদেরকে নিয়োগ প্রদান না করলে (যেমন, এজেন্ট,

---

[1] এই ডকুমেন্ট-এ প্যারেন্ট কথাটি শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা সেই ব্যক্তির কথা বুঝায়, যার সাথে সন্তানের পিতৃ-মাতৃসুলভ বা তত্ত্বাবধানকারীসুলভ সম্পর্ক আছে।

চুক্তিকারক এবং পরামর্শক) কাজটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নিজেদের কর্মকর্তাদের দিয়ে করাতে হতো। সন্তানের ভর্তি অথবা বদলির জন্য অনুরোধসাপেক্ষে অনুমতিব্যতিরেকে তথ্য প্রকাশে অনুমোদিত অপর ব্যতিক্রম, অপর স্কুল ডিস্ট্রিক্টের কর্মকর্তা, যে ডিস্ট্রিক্টে আপনার সন্তান ভর্তির আবেদন করেছে বা পরিকল্পনা করছে, অথবা ইতিমধ্যে ভর্তি হয়েছে;

n) যদি আপনি বিশ্বাস করেন যে এনওয়অইসি ডিওই এফইআরপিএ-এর শর্তগুলো মেনে চলতে ব্যর্থ হয়েছে, তাহলে ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশন-এ অভিযোগ দেওয়ার অধিকার। এফইআরপিএ পরিচালিত হয় যে ঠিকানা থেকে, তা নিচে প্রদান করা হলো:

Family Policy Compliance Office
U.S. Department of Education
400 Maryland Avenue, SW
Washington, DC 20202-8520

o) শিক্ষার্থী ও তাদের পিতামাতাদেরকে আর্থিক সহায়তার জন্য আবেদনে সাহায্য করার জন্য ইউএস ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে প্রকাশ করা থেকে আপনার সন্তানের নাম, জন্মতারিখ এবং ঠিকানা প্রত্যাহার করা, এবং আপনার সন্তানের নাম জন্মতারিখ ও গ্রেড স্তর যেমন, নবম গ্রেড) ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস (এনওয়াইসি ডিওইকে কলেজে ভর্তি ও গ্র্যাজুয়েশনের তথ্য জোগান সংগঠন) এর কাছে প্রকাশ করা থেকে প্রত্যাহার করা।

৩) সন্তানদের শিক্ষায় সক্রিয়ভাবে সংশ্লিষ্ট ও বিজড়িত হওয়ার অধিকার

সন্তানদের শিক্ষার ক্ষেত্রে সকল প্রাপ্য সুযোগ গ্রহণে অর্থপূর্ণ অংশগ্রহণের অধিকার পিতামাতাদেরকে দিতে হবে।

পিতামাতাদের অধিকার রয়েছে:

a) তাদের স্কুল কম্যুনিটিতে প্রত্যাশিত হওয়ার, মর্যাদা পাওয়ার, এবং সহায়তালাভের অধিকার;
b) স্কুলের সবার কাছ থেকে মর্যাদাপূর্ণ ও সম্মানজনক আচরণ পাওয়ার এবং জাতি, বর্ণ, বিশ্বাস, ধর্ম, জাতিগত উৎপত্তি, যৌনতা, লিঙ্গ, বয়স, জাতিগত পরিচয়, অভিবাসন/নাগরিকত্বের অবস্থা, বৈবাহিক অবস্থা, অংশীদারিত্বের অবস্থা, যৌন পছন্দ, লৈঙ্গিক পরিচয়, প্রতিবন্ধিত্ব ও আর্থিক অবস্থার বিবেচনা ছাড়া প্রাপ্য সকল অধিকার ভোগ করার অধিকার;
c) শিক্ষক ও অন্যান্য স্কুল-কর্মচারিদের সাথে নিয়মিত লিখিত ও মৌখিক মতবিনিময়ে অংশগ্রহণ করার এবং তাদের সন্তানদের প্রাতিষ্ঠানিক, সামাজিক এবং আচরণগত অগ্রগতি নিয়ে কথা বলার অধিকার;
d) প্রতিষ্ঠিত প্রক্রিয়ার সাথে মিল রেখে তাদের সন্তানদের শিক্ষক ও প্রিন্সিপ্যালের সাথে সাক্ষাত করার;
e) স্কুলে সন্তানদের অগ্রগতি নিয়ে কথা বলার জন্য অর্থপূর্ণ ও ফলদায়ী প্যারেন্ট-টিচার কনফারেন্সে অংশগ্রহণ করার এবং প্রয়োজনের সারা স্কুলবর্ষব্যাপী যে কোন উদ্বেগ নিয়ে কথা বলার জন্য অন্যান্য স্কুল-কর্মচারিদের সাথে যোগাযোগ করার সুযোগ লাভের অধিকার;
f) অনানুষ্ঠানিক ও আনুষ্ঠানিকভাবে প্রগ্রেস রিপোর্টের মাধ্যমে নিয়মিত ভিত্তিতে স্কুলে সন্তানের প্রাতিষ্ঠানিক ও আচরণগত অগ্রগতি সম্পর্কে তথ্য অবগত হওয়ার অধিকার;
g) সন্তানের জন্য শাস্তিবিধানমূলক প্রক্রিয়া প্রয়োগের ক্ষেত্রে চ্যান্সেলরের প্রবিধান A-443 এবং শৃঙ্খলাবিধিতে প্রতিষ্ঠিত যথাবিহিত প্রক্রিয়া অনুসরনের অধিকার;
h) সন্তানের স্কুলের স্কুল লিডারশিপ টিমে অংশগ্রহণ করার অধিকার;
i) প্রতিষ্ঠিত নিয়ম অনুযায়ী স্কুলের কোন কর্মচারী বা স্কুল কর্তৃপক্ষের পূর্ব-অনুমোদন ছাড়া বন্ধু, উপদেষ্টা বা দোভাষী সঙ্গে নিয়ে শুনানি, বৈঠক, সাক্ষাতকার এবং অন্যান্য সভায় অংশগ্রহণ করার অধিকার;
j) বিশেষভাবে সন্তানদের প্রাতিষ্ঠানিক বা শিক্ষাগত কর্মসূচির সাথে সংশ্লিষ্ট শৃঙ্খলাবিধানজনিত বিষয়ে কোন সভা বা কর্মকাণ্ডে শিক্ষার্থী শ্রবণ প্রতিবন্ধী হলে, লিখিত অনুরোধ করার পর একজন দোভাষীর পরিসেবা পাওয়ার অধিকার; একজন দোভাষী পাওয়া না গেলে, অন্যসব যুক্তিগ্রাহ্য দাবি পূরণ করতে হবে;
k) স্কুল থেকে প্যারেন্ট-টিচার কনফারেন্স, প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের সভা, স্কুল লিডারশিপ টিমের সভা, কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সভা ইত্যাদিসহ সকল গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের বিজ্ঞপ্তি যাতে পিতামাতা লাভ করেন, স্কুল কর্মচারিগণ সে ব্যাপারে সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করছেন, সে ব্যাপারে নিশ্চয়তা লাভ করার অধিকার;
l) কোন ফি পরিশোধ না করে সন্তানের স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের সদস্য হওয়ার অধিকার;
m) পিতামাতাদের "প্যারেন্টস বিল অব রাইটস্ অ্যান্ড রেসপনসিবিলিটিজ" (পিতামাতাদের অধিকার ও দায়দায়িত্বের সনদ), সিটিব্যাপী শৃঙ্খলা ও অনুশাসন ব্যবস্থার মানদণ্ড, যার অন্তর্ভুক্ত আছে "বিল অব স্টুডেন্টস রাইটস অ্যান্ড রেসপনসিবিলিটিজ" (শিক্ষার্থীদের অধিকার ও দায়দায়িত্বের সনদ), এবং "ডিসিপ্লিন কোড" (শৃঙ্খলা বিধি), এবং স্কুলের নিজস্ব নিয়ম-নীতির একটি কপি পাওয়ার অধিকার;
n) বিভিন্ন স্কুল কমিটির প্রযুক্ত নিয়ম-নীতির সাথে সামঞ্জস্য রেখে স্কুল কমিটিতে অংশগ্রহণ করার (যেমন, নিরাপত্তা, পুষ্টি, সি-৩০ লেভেল ওয়ান) অধিকার;
o) চ্যান্সেলরের প্রবিধান D-140, D-150, D-160 এবং D-170 অনুযায়ী প্রযুক্ত বিধান অনুযায়ী কম্যুনিটির বা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের নির্বাচনে প্রার্থী হওয়া বা ভোট দেওয়ার অধিকার এবং;
p) উন্মুক্ত সভার ক্ষেত্রে প্রযুক্ত বিধি ও প্রতিষ্ঠিত প্রক্রিয়া অনুযায়ী ("দি সানশাইন ল") জনসাধারণের জন্য উন্মুক্ত কম্যুনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলের সভা ও প্যানেল ফর এডুকেশন্যাল পলিসির সভায় উপস্থিত হওয়া ও অংশগ্রহণ করার অধিকার।

4) সন্তানদের শিক্ষাকে প্রভাবিত বিস্তার করে, এমন বিষয়ে অভিযোগ ও আপিল করার অধিকার

চ্যান্সেলর প্রবিধান প্রকাশ করেছেন যা শিক্ষার্থীদের শিক্ষাকে প্রভাবিত করতে পারে, এমনসব বিভিন্ন সমস্যায় অভিযোগ ও আপিল করার নিয়ম প্রতিষ্ঠা করে। এসব নিয়মগুলো নিচে উল্লিখিত প্রবিধানে রয়েছে যা নিচের ওয়েবসাইটে দেখতে পাওয়া যাবে:

http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm and the DOE's parent

complaint procedures available at
http://schools.nyc.gov/Offices/FACE/KeyDocuments/Parent+Complaint+Procedures.htm
পিতামাতাদের অধিকার রয়েছে:

a) চ্যান্সেলরের প্রবিধান A-101 অনুযায়ী আবাসিক ঠিকানা পরিবর্তনের কারণে স্কুল বদলির বিরুদ্ধে আপিল করা;
b) চ্যান্সেলরের প্রবিধান A-420 অনুযায়ী দৈহিক শাস্তি সম্পর্কিত অভিযোগ করা;
c) চ্যান্সেলরের প্রবিধান A-421 অনুসারে অশালীন ভাষা ব্যবহারের অভিযোগ দায়ের করা;
d) চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী প্রিন্সিপ্যাল বা সুপারিনটেনডেন্ট-এর সাসপেনশন সম্পর্কে আপিল করা;
e) চ্যান্সেলরের প্রবিধান A-450 অনুযায়ী বাধ্যতামূলক বদলি সম্পর্কে আপিল করা;
f) চ্যান্সেলরের প্রবিধান A-501 অনুযায়ী প্রমোশনের সিদ্ধান্ত সম্পর্কে আপিল করা;
g) চ্যান্সেলরের প্রবিধান A-655 অনুযায়ী স্কুল লিডারশিপ টিমের নির্বাচন সম্পর্কে অভিযোগ করা;
h) চ্যান্সেলরের প্রবিধান A-660 অনুযায়ী স্কুল প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন এবং প্রেসিডেন্টস কাউন্সিলের নির্বাচন, বিতর্ক, সিদ্ধান্ত এবং নিষ্ক্রিয়তা সম্পর্কে অভিযোগ এবং/অথবা আপিল করা;
i) চ্যান্সেলরের প্রবিধান A-701 অনুযায়ী ইম্যুনাইজেশন (টিকাকরণ) থেকে অব্যাহতি লাভের আবেদন নামঞ্জুর সম্পর্কে আপিল করা;
j) চ্যান্সেলরের প্রবিধান A-810 অনুযায়ী ফ্রি ও হ্রাসকৃত মুল্যে খাবার লাভের যোগ্যতার সিদ্ধান্ত সম্পর্কে আপিল করা;
k) চ্যান্সেলরের প্রবিধান A-710এর সেকশন ৫০৪ প্ল্যান অনুযায়ী রেফারেল (সুপারিশ), মূল্যায়ন, প্রস্তুতি এবং/অথবা বাস্তবায়ন অভিযোগ করা;
l) চ্যান্সেলরের প্রবিধান A-780 অনুযায়ী হোমলেস বা সাময়িক আবাসে বসবাসকারী ছেলেমেয়েদের ভর্তি সম্পর্কে আপিল করা;
m) চ্যান্সেলরের প্রবিধান A-810 অনুযায়ী পরিবহন সুবিধার যোগ্যতার সিদ্ধান্ত সম্পর্কে আপিল করা;
n) চ্যান্সেলরের প্রবিধান A-820 অনুযায়ী অযথার্থ, বিভ্রান্তিকর কিংবা সন্তানদের গোপনীয়তা আইন লঙ্ঘিত হওয়ায় এগুলো সংশোধনের জন্য অনুরোধ করা;
o) চ্যান্সেলরের প্রবিধান A-830 অনুযায়ী ডিওই কর্মচারীর বিরুদ্ধে বৈষম্যকরণের অভিযোগ করা;
p) চ্যান্সেলরের প্রবিধান A-831 অনুযায়ী শিক্ষাথী কর্তৃক শিক্ষাথীকে কথিত যৌন নিগ্রহের অভিযোগ দায়ের করা;
q) চ্যান্সেলরের প্রবিধান A-832 কথিত বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন এবং/অথবা বুলিংয়ের অভিযোগ দায়ের করা
r) চ্যান্সেলরের প্রবিধান C-30 অনুযায়ী প্রিন্সিপ্যাল বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে অভিযোগ করা;
s) চ্যান্সেলরের প্রবিধান D-110 অনুযায়ী ডিওই প্রযুক্ত ফ্রিডম অব ইনফরমেশন ল প্রদত্ত সরকারি তথ্য দেখানোর বাধ্যবাধকতার অস্বীকৃতি সম্পর্কে আপিল করা;
t) চ্যান্সেলরের প্রবিধান D-140 অনুযায়ী কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের সদস্য মনোনয়ন ও নির্বাচন সম্পর্কে অভিযোগ করা;
u) চ্যান্সেলরের প্রবিধান D-150 অনুযায়ী সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন বা সিটিওয়াই ডিস্ট্রিক্ট ৭৫ কাউন্সিলের সদস্য নির্বাচন ও মনোনয়ন সম্পর্কে অভিযোগ করা;
v) চ্যান্সেলরের প্রবিধান D-160 অনুযায়ী সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলের সদস্য নির্বাচন ও মনোনয়ন সম্পর্কে অভিযোগ করা;
w) চ্যান্সেলরের প্রবিধান D-170 অনুযায়ী সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লারনার-এর সদস্য নির্বাচন ও মনোনয়ন সম্পর্কে অভিযোগ করা;
x) ডিওইর অভিযোগ প্রক্রিয়া অনুসারে অবিযোগ অথবা আপিল দায়ের করা, যদি তাদের সন্তানের স্কুল যথাযথ প্রক্রিয়া অনুসরণ না করে তাদের সন্তানকে স্কুলে/ক্লাসে আসায় বিরত রাখে;
y) ডিওই-এ অভিযোগ প্রক্রিয়া অনুযায়ী নো চাইল্ড লেফট বিহাইন্ড অ্যাক্ট, টাইটেল ওয়ান এবং টাইটেল টু, পার্ট এ এবং ডি, এবং টাইটেল থ্রি ও টাইটেল ফোর, পার্ট এ কিংবা চ্যান্সেলরের উপরোক্ত প্রবিধান অনুযায়ী বর্ণিত প্রক্রিয়ার অধীনে যে ক্ষেত্রে সন্তানকে প্রভাবিত করে এমন যেসব বিষয়ের সমাধান করা সম্ভব না হয়, সে ক্ষেত্রে অভিযোগ করা।

সকল পিতামাতা নিচের বিষয়গুলোর জন্য দায়বদ্ধ থাকবেন:

(1) সন্তানদের লেখাপড়ার জন্য প্রস্তুত করে স্কুলে পাঠানো।
(2) সন্তানরা নিয়মিত এবং সময়মতো স্কুলে যাচ্ছে, তা নিশ্চিত করা।
(3) স্কুলের বিজ্ঞপ্তি পড়ে, সন্তানদের শিক্ষকদের সাথে ন্কবুল সম্পর্কে কথা বলে, সন্তানদের কাজ ও প্রগ্রেস রিপোর্ট পড়ে, এবং স্কুলের কর্মচারিদের সাথে সাক্ষাত করে সন্তানদের কাজ, অগ্রগতি, এবং সমস্যা সম্পর্কে সচেতন থাকা।
(4) সন্তানদের লেখাপড়ায় অগ্রগতি সম্পর্কে তাদের শিক্ষক ও প্রিন্সিপ্যালের সাথে কথা বলে এবং/অথবা চিঠিপত্র লিখে যোগাযোগ রক্ষা করা।
(5) সন্তানের শিক্ষার সাথে সংশ্লিষ্ট স্কুলের সকল নিয়ম-নীতি ও প্রযুক্ত চ্যান্সেলরের প্রবিধান মেনে চলে।
(6) সন্তানের স্কুল থেকে প্রাপ্ত সকল বিজ্ঞপ্তির সময়ানুগ জবাব প্রদান কর।
(7) সন্তানের সাথে সম্পর্কিত সকল অনুরোধকৃত সভায় ও সম্মেলনে উপস্থিত হয়ে।
(8) স্কুল ভবনে মর্যাদাপূর্ণ আচরণ করা, বিশৃঙ্খল আচরণ থেকে বিরত থাকা এবং স্কুল কম্যুনিটির সবার সাথে ভদ্র ও সম্মানজনক আচরণ করা।
(9) নিশ্চিত করা যে স্কুলে সকল যোগাযোগের তথ্য (যেমন বাড়ির ঠিকানা, ফোন নম্বর ইত্যাদি) হালানাগাদ করা আছে।

এছাড়াও পিতাতামাদেরকে:

(1) বাড়িতে এমন সহায়ক পরিবেশ সৃষ্টি করতে হবে যেখানে লেখাপড়াকে একটি অগ্রাধিকারপ্রাপ্ত বিষয় বলে গণ্য করা হয়।
(2) সমাজে সার্থকভাবে কাজ করার জন্য জ্ঞান, দক্ষতা এবং মূল্যবোধ অর্জন আবশ্যক, এ বিষয়ের গুরুত্বকে স্থায়ীত্ব দেওয়া।
(3) স্কুলে স্বেচ্ছাসেবক হিসেবে সময়, দক্ষতা এবং উপকরণের জোগান দেওয়া।
(4) স্কুলে ও কম্যুনিটির বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করা যা পিতামাতাদেরকে শিক্ষাগত সিদ্ধান্তগ্রহণে অংশগ্রহণে শক্তি জোগায়।
(5) স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনে সক্রিয় সদস্য হওয়া।

(6) প্রযোজ্য ক্ষেত্রে টাটেল ওয়ান প্যারেন্টকমিটির সক্রিয় সদস্য হওয়া।
(7) সন্তানের কাজ, উপস্থিতি এবং আচরণ সম্পর্কে প্রশ্ন করা এবং স্কুলের প্রত্যাশা সম্পর্কে আলোচনা করা।
(8) সন্তানদেরকে সম্পদ, নিরাপত্তা এবং অন্যের অধিকারের প্রতি মর্যাদাশীল হওয়ার শিক্ষা দেওয়া এবং হুমকি দেওয়া, হয়রানি করা বা বৈষম্যমূলক আচরণ থেকে বিরত থাকার প্রতি গুরুত্ব আরোপ করা।

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের নীতি বাস্তব বা প্রতীয়মান জাতি, বর্ণ, ধর্ম, বয়স, জাতিগত পরিচয়, আদি রাষ্ট্রিক পরিচয়, অভিবাসনগত অবস্থা, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, লিঙ্গ (যৌন), অথবা ওজন বিবেচনা না করে সবাইকে শিক্ষার সমসুযোগ দেয়া। এছাড়া যৌন হয়রানি বা প্রতিশোধগ্রহণসহ এসব যে কোন কারণ থেকে একটি হয়রানিমুক্ত পরিবেশ বজায় রাখাও হচ্ছে ডিওইর নীতি।

প্রযুক্ত আইন মেনে চলা সংক্রান্ত কোন তদন্ত নিচের ঠিকানায় পাঠানো যেতে পারেঃ Office of Equal Opportunity, 65 Court Street, Brooklyn, New York, 11201, (718) 935-3320